# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

**বিষয়: সিলেট সিটি কর্পোরেশনে গত ২৪.১২.২০২৪ তারিখে অনুষ্ঠিত পরিষদের সাধারণ সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব খান মোঃ রেজা-উন-নবী, প্রশাসক, সিলেট সিটি কর্পোরেশন |
| সভার তারিখ ও সময় | : | ২৪ ডিসেম্বর ২০২৪ খ্রিষ্টাব্দ, সকাল ১০:০০ ঘটিকা |
| স্থান | : | সিলেট সিটি কর্পোরেশনের সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট 'ক' |

সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর প্রধান নির্বাহী কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য আহবান জানানো হয়। সভার শুরুতেই পবিত্র কোরআন থেকে তিলাওয়াত করেন জনাব মোহাম্মদ আলী, ইমাম, নগর ভবন মসজিদ, সিলেট সিটি কর্পোরেশন এবং পবিত্র গীতা থেকে পাঠ করেন জনাব জ্যোতিষ চক্রবর্তী, আদায়কারী, কর আদায় শাখা, সিলেট সিটি কর্পোরেশন। অতঃপর সভার আলোচ্যসূচি নিম্নোক্তভাবে উপস্থাপন করা হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.১ | বাজেট সংক্রান্ত আলোচনা | হিসাবরক্ষণ কর্মকর্তা ২০২৪-২০২৫ অর্থ বছরের খসড়া বাজেট সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, ২০২৪-২০২৫ অর্থ বছরে মোট ৬৬৪৬৭.৩০ লক্ষ টাকার খসড়া বাজেট প্রস্তুত করা হয়েছে। প্রধান প্রধান খাতসমূহ নিম্নরূপ:<br>রাজস্ব খাতে মোট ১৪৩৬৭.৩৩ লক্ষ টাকা, প্রারম্ভিক স্থিতি ১০০৯.৬৮ লক্ষ টাকা, করসমূহ (ইমারত ও জমির উপর কর, ময়লা অপসারণ কর, সড়ক বাতি কর, পানি কর, সম্পত্তি হস্তান্তর কর, বিজ্ঞাপন কর, ট্রেড লাইসেন্স কর, বিভিন্ন নবায়ন ফি) বাবদ ৯৭৮৯.৬০ লক্ষ টাকা, অনুদান (বেতন বাবদ সহায়তা, বিশেষ অনুদান, প্রাথমিক স্বাস্থ্য সেবা বাবদ সহায়তা) বাবদ ৩৩০.০০ লক্ষ টাকা, অন্যান্য রাজস্ব (জলমহাল/পুকুর ইজারা, মার্কেট/দোকান ভাড়া, বিনিয়োগ হতে প্রাপ্ত সুদ, মেশিন ও সারঞ্জামাদি ভাড়া, পার্ক হতে আয়, সনদ পত্র ফি, পশু জবাই ফি, ঘাট ইজারা, টার্মিনাল ইজারা) বাবদ ১৬৬৬.৯৫ লক্ষ টাকা, অন্যান্য রাজস্ব (পানি শাখা) (গভীর নলকূপ ব্যবহারের অনুমোদন ফি, পানির লাইন সংযোগ, পুন:সংযোগ ফি, সড়ক খনন ফি, পানি ও পয়:নিস্কাশন ব্যবস্থা চার্জ, ফরম বিক্রয়) বাবদ ১৫৭১.১০ লক্ষ টাকা, উন্নয়ন হিসাব ৫২০৯৯.৯৭ লক্ষ টাকা (রাজস্ব হিসাব হতে স্থানান্তরিত ১২৬.৮০ লক্ষ টাকা, | (ক) ২০২৪-২৫ অর্থ বছরে সিলেট সিটি কর্পোরেশনে ৬৬৪৬৭.৩০ লক্ষ টাকার খসড়া বাজেট এবং ২০২৩-২৪ অর্থ বছরে ৭২০৮৯.৩৬ লক্ষ টাকা সংশোধিত বাজেট অনুমোদন করা হলো।<br><br>(খ) ২০২৪-২০২৫ অর্থ বছরের বাজেটে বৈদ্যুতিক সরঞ্জামাদি খাতে প্রস্তাবিত ২৫০.০০ লক্ষ টাকা বৃদ্ধি করে ৫০০.০০ লক্ষ টাকা করতে হবে। | (ক) হিসাবরক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br><br>(খ) হিসাবরক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | রাজস্ব হিসাব (পানি শাখা) হতে স্থানান্তরিত ৩৯.০২ লক্ষ টাকা, উন্নয়ন অনুদান ২৯১৬৪.১৫ লক্ষ টাকা, অন্যান্য আদায় ৮০০.০০ লক্ষ টাকা এবং সাসপেন্স অ্যাকাউন্ট ৩০০০.০০ লক্ষ) টাকা।<br><br>২০২৪-২০২৫ অর্থ বছরের পরিশোধ/ব্যয় সংক্রান্ত প্রধান প্রধান খাতসমূহ নিম্নরুপ: রাজস্ব খাতে ১৪৩৬৭.৩৩ লক্ষ টাকা (সাধারণ সংস্থাপন ৬১১৩.০০ লক্ষ টাকা, শিক্ষা ব্যয় ৩৫৪.৫০ লক্ষ টাকা, স্বাস্থ্য ২৯১.০০ লক্ষ, পরিচ্ছন্নতা ২৮৫৫.০০ লক্ষ টাকা, সড়ক বাতি ৫১০.০০ লক্ষ টাকা, সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন ৬৯৫.০০ লক্ষ টাকা, বিবিধ ১১৬১.০০ লক্ষ টাকা, উন্নয়ন হিসাবে স্থানান্তর ১২৬.৮০ লক্ষ টাকা এবং সমাপনি স্থিতি ৫০৭.২২ লক্ষ টাকা), রাজস্ব (পানি শাখা) ব্যয় ১৭৫৩.৮১ লক্ষ টাকা (সাধারণ সংস্থাপন ৮৬৮.৭০ লক্ষ টাকা, বিদ্যুত বিল ৪৫০.০০ লক্ষ টাকা, পাম্প হাউজ, নলকূপ ও পাইপ লাইন ২৪০.০০ লক্ষ টাকা, উন্নয়ন হিসাবে স্থানান্তর ৩৯.০২ লক্ষ টাকা, সমাপনি স্থিতি ১৫৬.০৯ লক্ষ টাকা), উন্নয়ন হিসাব ব্যয় ৫২০৯৯.৯৭ লক্ষ টাকা (সিটি কর্পোরেশন ও নন ডিপিপি অর্থায়নে অবকাঠামো নির্মাণ ও উন্নয়ন ৩৯১০.০০ লক্ষ টাকা, ডিপিপি অর্থায়নে প্রকল্প ২২২০০.০০ লক্ষ টাকা, উন্নয়ন অংশীদারী অর্থায়নে প্রকল্প ৩৮০৪.১৫ লক্ষ টাকা, অন্যান্য রাজস্ব আদায়ে ব্যয় ৮০০.০০ লক্ষ টাকা, ঠিকাদারের নিরাপত্তা জামানত ব্যয় ৩০০০.০০ লক্ষ টাকা এবং সমাপনি স্থিতি ১৮৩৮৫.৮২ লক্ষ টাকা)।<br><br>এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সিলেট মহানগরে সাধারণ জনগণের বৈদ্যুতিক চাহিদা বৃদ্ধি পাওয়ায় বৈদ্যুতিক সরঞ্জামাদি খাতে প্রস্তাবিত ২৫০.০০ লক্ষ টাকা বৃদ্ধি করে ৫০০.০০ লক্ষ টাকা করার বিষয়ে সভায় উপস্থিত সদস্যবৃন্দ ঐক্যমত | | |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | পোষণ করেন। বিস্তারিত আলোচনান্তে সভায় উপস্থিত সদস্যবৃন্দ নিম্ন বর্ণিত সিদ্ধান্তে ঐক্যমত পোষণ করেন। | | |
| ২.২ | **রিকারশন সফটওয়্যারের বকেয়া বিল পরিশোধ সংক্রান্ত** | প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন, Recursion Fin Tech Ltd এর সাথে সিলেট সিটি কর্পোরেশনের কার্যক্রম বিগত ১৭ নভেম্বর ২০১৭ খ্রি. হতে ২১ নভেম্বর ২০২২ খ্রি. পর্যন্ত ০৫ (পাঁচ) বছরের জন্য চুক্তি সম্পাদন করা হয়। চুক্তি অনুযায়ী অনলাইন হোল্ডিং ট্যাক্স এসেসমেন্ট এবং বিলিং সফটওয়্যার পরিচালনায় ০৫ (পাঁচ) বছর বিনামূল্যে সেবা প্রদান করেন। পরবর্তীতে Recursion Fin Tech Ltd এর সাথে চুক্তি শেষ হওয়ায় নতুন করে ১ জানুয়ারি ২০২৩ থেকে ৩১ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত ০৩ (তিন) বছরের জন্য অনলাইন হোল্ডিং ট্যাক্স এসেসমেন্ট এবং বিলিং সফটওয়্যার পরিচালনায় সেবা মূল্য নির্ধারণ পূর্বক চুক্তিটি নবায়ন করা হয়। সেই অনুযায়ী প্রতি মাসে ভ্যাট সহ ৮৪,০০০/- (চুরাশি হাজার) টাকা ফি বাবদ নির্ধারিত হয়। প্রধান রাজস্ব কর্মকর্তা বলেন, জুন ২০২৪ হতে নভেম্বর ২০২৪ পর্যন্ত মোট ৬ মাসের ৮৪,০০০*৬=৫,০৪,০০০/- (পাঁচ লক্ষ চার হাজার) টাকা ভ্যাট আইটিসহ গত ১৮/১২/২০২৪ তারিখে বিল দাখিল করেন। তিনি আরও বলেন, অনলাইন হোল্ডিং ট্যাক্স এসেসমেন্ট এবং বিলিং সফটওয়্যার পরিচালনার কার্যক্রম এখনও ১০০% কমপ্লিট হয়নি। সফটওয়্যার আপগ্রেড এর জন্য যে চুক্তিটি নবায়ন করা হয় সে অনুযায়ী Recursion Fin Tech Ltd কর্তৃক ৮০% কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। সভায় এ বিস্তারিত আলোচনা করা হয়। চুক্তির শর্তানুযায়ী বিল পরিশোধ এবং সফটওয়্যারের শতভাগ কাজ সম্পন্ন করে সিলেট সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করার বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন। | (ক) জুন ২০২৪ হতে নভেম্বর ২০২৪ পর্যন্ত মোট ৬ মাসের ৮৪,০০০*৬= ৫,০৪,০০০/- (পাঁচ লক্ষ চার হাজার) টাকা ভ্যাট আইটিসহ বিল পরিশোধ করতে হবে।<br><br>(খ) সফটওয়্যারের শতভাগ কাজ সম্পন্ন করে সিলেট সিটি কর্পোরেশনের নিকট হস্তান্তর করতে হবে। | (ক) হিসাবরক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br><br>(খ) প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.৩ | সিলেট সিটি কর্পোরেশনের ওয়ার্ডসমূহে ময়লা-আবর্জনা সংগ্রহের সাথে জড়িত প্রতিষ্ঠান/ব্যক্তিদের নিবন্ধন প্রক্রিয়া ও নীতিমালা প্রণয়ন সংক্রান্ত | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা বলেন, বর্তমানে সিলেট সিটি কর্পোরেশন ওয়ার্ড পর্যায়ের ময়লা আবর্জনা সংগ্রহের সাথে প্রত্যক্ষভাবে জড়িত নয়। ফলে জনসাধারণের মধ্যে যেখানে সেখানে ময়লা ফেলার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। এজন্য সিলেট সিটি কর্পোরেশনকে সঠিকভাবে ময়লা আবর্জনা সংগ্রহ ও পরিবহনে বিভিন্ন সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। তাছাড়া প্রতিটি ওয়ার্ডে বর্তমানে কতগুলো ভ্যানের মাধ্যমে কতগুলো বাসা হতে ময়লা ও আবর্জনা সংগ্রহ করা হয়, সেবা ফি বাবদ কত টাকা আদায় করা হয় তার কোন সুনির্দিষ্ট তথ্য নেই। তিনি আরও বলেন, সুষ্ঠুভাবে ময়লা আবর্জনা সংগ্রহ এবং পরিবহন করার নিমিত্ত সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংগঠনগুলোর ভ্যানগাড়ীসমূহকে নিবন্ধন প্রক্রিয়ার আওতায় আনা যেতে পারে। তাছাড়া গৃহস্থলী ও বিভিন্ন প্রতিষ্ঠান হতে বর্জ্য সংগ্রহ ও পরিচালনা সম্পর্কিত একটি নীতিমালা প্রণয়ন করা প্রয়োজন মর্মে সভার দৃষ্টি আকর্ষণ করেন। এবিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সুষ্ঠুভাবে ময়লা আবর্জনা সংগ্রহ এবং পরিবহন করার নিমিত্ত সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংগঠনগুলোর ভ্যানগাড়ীসমূহকে নিবন্ধন প্রক্রিয়ার আওতায় আসা এবং নীতিমালা প্রণয়ন করার জন্য নিম্নোক্তভাবে একটি কমিটি গঠনের বিষয়ে সভায় উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন।<br>i. প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন — আহবায়ক<br>ii. প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন — সদস্য<br>iii. প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন — সদস্য<br>iv. প্রধান সম্পত্তি কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন — সদস্য<br>v. নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), সিলেট সিটি কর্পোরেশন — সদস্য | (ক) সিটি কর্পোরেশন এলাকায় পরিচালিত সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান বা সংগঠনসমূহের ভ্যানগাড়ীসমূহ যথাযথ প্রক্রিয়ায় নিবন্ধনের আওতায় আনতে হবে।<br><br>(খ) গৃহস্থলী ও বিভিন্ন প্রতিষ্ঠান হতে বর্জ্য সংগ্রহ ও পরিচালনার নিমিত্ত নীতিমালা প্রণয়নের জন্য গঠিত কমিটি আগামী ০১ ফেব্রুয়ারি ২০২৫ এর মধ্যে একটি নীতিমালা প্রণয়ন করে সাধারণ সভায় উপস্থাপন করবেন। | (ক) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন<br><br>(খ) প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | vi. প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন সদস্য সচিব | | |
| ২.৪ | **গাভিয়ার খাল পরিষ্কার ও খনন কাজ সংক্রান্ত:** | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা গাভিয়ার খালের পরিষ্কার ও খনন কাজ (৩৬০ মিটার) শ্রমিক দ্বারা পরিচালনার বিস্তারিত তথ্যাদি সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, সিলেট সিটি কর্পোরেশনের ১০, ১১ ও ১২নং ওয়ার্ডে বহমান গাভিয়ার খালটি বৃষ্টির পানি প্রবাহের/নিষ্কাশনের একমাত্র মাধ্যম। কোন কারণে তিনটি ওয়ার্ডের উক্ত ছড়ায় পানি প্রবাহ/নিষ্কাশনে বাধাগ্রস্ত হলে বা অতিবর্ষণের ফলে জলাবদ্ধতা সৃষ্টি হয়। উক্ত ছড়াটি লামাবাজার-ইংগুলার রোড-ভাঙ্গাটিকর-সিটি আবাসিক-নিরাময় ক্লিনিক-শামীমাবাদ-কানিশাইল-মালনী ছড়ার সংযোগ পর্যন্ত বিস্তৃত যার আনুমানিক দৈর্ঘ্য প্রায় ৩২০০ মিটার। বিগত ৫ বছর যাবত উক্ত ছড়ায় কোনো খনন কার্যক্রম পরিচালনা করা হয়নি। এর প্রেক্ষিতে গত ১৭/১০/২০২৪ তারিখের সাধারণ সভার আলোচ্য সূচীর অনুচ্ছেদ ১২ (খ) অনুযায়ী উক্ত ছড়া খনন ও পরিস্কারের জন্য সিদ্ধান্ত গৃহীত হয় এবং অনধিক ৩.০০ (তিন) লক্ষ টাকার প্রাক্কলন তৈরী করে কর্তৃপক্ষের অনুমোদন পূর্বক কার্যক্রম পরিচালনা করার সিদ্ধান্ত গৃহিত হয়। উক্ত সিদ্ধান্তের প্রেক্ষিতে প্রথম ধাপে ছড়াটির ৩৬০ মিটার পরিস্কার ও খনন কাজের প্রাক্কলন প্রস্তুত করা হয়। যার সম্ভাব্য ব্যয় ২,৯৭,৭০০/- (দুই লক্ষ সাতানব্বই হাজার সাতশত) টাকা। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বর্জ্য ব্যবস্থাপনা শাখা কর্তৃক ১২ দিনে নির্ধারিত সময় সম্পন্ন করা হয়েছে। উক্ত কার্যক্রম প্রধান নির্বাহী কর্মকর্তা সরেজমিন পরিদর্শন করেছেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় উপস্থিত সকলে গাভীয়ার খালের বাকী অংশ এবং অন্যান্য প্রয়োজনীয় ছড়া/খাল আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই একই পদ্ধতিতে পরিস্কার ও খনন কার্যক্রম পরিচালনা করার বিষয়ে | গাভীয়ার খালের বাকী অংশ এবং অন্যান্য প্রয়োজনীয় ছড়া/ খাল আসন্ন বর্ষা মৌসুমের পূর্বেই শ্রমিক দ্বারা পরিস্কার ও খনন কার্যক্রম পরিচালনা করতে হবে। | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | ঐক্যমত পোষণ করেন। | | |
| ২.৫ | এলইডি লাইট, ক্রয়, বৈদ্যুতিক কাজ, লাইন মেরামত, রেস্ট হাউজ ও নগর ভবনের ডিস বিল প্রদান সংক্রান্ত | নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ) জানান, ইস্টার্ণ টিউব লিমিটেড হতে ৮০০০টি এলইডি লাইট ক্রয় বাবদ ২৮,৫৭,৯২০/- (আটাশ লক্ষ সাতান্ন হাজার নয়শত বিশ) টাকা, বিভিন্ন শাখায় জরুরী বৈদ্যুতিক কাজ/ মেরামত, জরুরীভিত্তিতে বৈদ্যুতিক লাইন মেরামত, রেষ্ট হাউস ও নগর ভবনের ডিস বিল ইত্যাদি কাজের জন্য বৈদ্যুতিক মালামাল ক্রয় বাবদ ৬,২৫,০৭০/- (ছয় লক্ষ পঁচিশ হাজার সত্তর) টাকা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে ব্যয় পরিশোধের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে ব্যয় পরিশোধ করতে হবে। | হিসাব রক্ষণ কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |
| ২.৬ | চারটি প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশনকরণ সংক্রান্ত | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি) বলেন, প্রোডাকশন টিউবওয়েল এর উৎপাদন ক্ষমতা কমে যাওয়ায় প্রোডাকশন টিউবওয়েল সংক্রান্ত কাজে অভিজ্ঞ পরামর্শক টিউবওয়েলগুলোকে রিজেনারেশন করার করার পরামর্শ দিয়েছেন। আপাতত নিম্নবর্ণিত ৪টি প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশন করার সুপারিশ করা হয়: (ক) চৌহাট্টা প্রোডাকশন টিউবওয়েল, (খ) পিটিআই প্রোডাকশন টিউবওয়েল, (গ) করেরপাড়া প্রোডাকশন টিউবওয়েল এবং (ঘ) আনসার ক্যাম্প প্রোডাকশন টিউবওয়েল। প্রাথমিকভাবে চৌহাট্টা প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশন এর জন্য ৬,৫৫,৫৮০.০০ (ছয় লক্ষ পঞ্চান্ন হাজার পাঁচশত আশি) টাকার প্রাক্কলন তৈরি করা হয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক যথাযথভাবে ব্যয় পরিশোধের বিষয়ে সভায় উপস্থিত সকলে একমত পোষণ করেন। | পিপিআর-২০০৮ এর বিধি বিধান অনুসরণপূর্বক চৌহাট্টা প্রোডাকশন টিউবওয়েল রিজেনারেশন কার্যক্রম প্রাক্কলিত ব্যয়ের মধ্যে সম্পাদন করতে হবে। | তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি), সিলেট সিটি কর্পোরেশন |

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>২.৭</td><td>পানি সরবরাহের ফিস বৃদ্ধিকরণ সংক্রান্ত</td><td>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি) সিলেট মহানগরে পানির চাহিদা বৃদ্ধি পাওয়ায় নিম্নোক্তভাবে পানি সরবরাহের ফি বৃদ্ধির প্রস্তাব দেন:<br>
<table>
<tr><td rowspan="2">০১</td><td>আবাসিক</td><td>২০০০ লিটার</td><td>৫০০/-</td><td>১০০০/-</td></tr>
<tr><td>বানিজ্যিক/ প্রাতিষ্ঠানিক</td><td>২০০০ লিটার</td><td>৫০০/-</td><td>১৬০০/-</td></tr>
<tr><td rowspan="2">০২</td><td>আবাসিক</td><td>৫০০০ লিটার</td><td>২০০০/-</td><td>২৫০০/-</td></tr>
<tr><td>বানিজ্যিক/ প্রাতিষ্ঠানিক</td><td>৫০০০ লিটার</td><td>২০০০/-</td><td>৪০০০/-</td></tr>
</table>
সিটি কর্পোরেশনের রাজস্ব বৃদ্ধিসহ ভর্তুকি এড়ানোর জন্য উল্লিখিত হারে গাড়ি দ্বারা পানি সরবরাহের ফিস পুনঃনির্ধারণের উন্য সভায় উপস্থাপন করা হয়। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে পানি সরবরাহের প্রস্তাবিত বর্ধিত ফি বাস্তবায়নের বিষয়ে সভায় উপস্থিত সকলে এক্যমত পোষণ করেন।</td><td>পানি সরবরাহের প্রস্তাবিত বর্ধিত ফি আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি), সিলেট সিটি কর্পোরেশন</td></tr>
<tr><td>২.৮</td><td>সিলেট সিটি কর্পোরেশন এলাকায় ব্যক্তি পর্যায়ে অনুমোদনহীন স্থাপিত নলকূপের অনুমোদন ফি ও আদায় অনুমোদন প্রদান সংক্রান্ত</td><td>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি) বলেন, সিলেট সিটি কর্পোরেশন এলাকায় নির্ধারিত ফি পরিশোধ করে নিজ খরচে নলকূপ স্থাপনের বিধান রয়েছে। অনুমোদন ফি ২″ ডায়ার ফিল্টারের ক্ষেত্রে আবাসিক ১০,০০০/= টাকা, বাণিজ্যিক ২০,০০০/= টাকা। ৩″ ডায়ার ফিল্টারের ক্ষেত্রে আবাসিক ৩০,০০০/= টাকা, বাণিজ্যিক ৫০,০০০/= টাকা। ৪″ ডায়ার ফিল্টারের ক্ষেত্রে আবাসিক ৫০,০০০/= টাকা, বাণিজ্যিক ৮০,০০০/= টাকা। ৫″ ডায়ার ফিল্টারের ক্ষেত্রে আবাসিক ৮০,০০০/= টাকা, বাণিজ্যিক ১,৫০,০০০/= টাকা। ৬″ ডায়ার ফিল্টারের ক্ষেত্রে আবাসিক ১,৫০,০০০/= টাকা, বাণিজ্যিক ২,৫০,০০০/= টাকা। তাছাড়া, বাৎসরিক নবায়ন ফি ২″ ডায়ার ফিল্টারের ক্ষেত্রে আবাসিক ২,০০০/= টাকা, বাণিজ্যিক ৪,০০০/= টাকা, ৩″ ডায়ার ফিল্টারের ক্ষেত্রে আবাসিক ১০,০০০/= টাকা, বাণিজ্যিক ১৫,০০০/= টাকা, ৪″ ডায়ার ফিল্টারের ক্ষেত্রে</td><td>অনুমোদনহীন নলকূপের ক্ষেত্রে অনুমোদন ফি ও ১ বছরের নবায়ন ফি আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।</td><td>তত্ত্বাবধায়ক প্রকৌশলী (পানি), সিলেট সিটি কর্পোরেশন</td></tr>
</table>

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | আবাসিক ১৫,০০০/= টাকা, বাণিজ্যিক ২০,০০০/= টাকা, ৫" ডায়ার ফিল্টারের ক্ষেত্রে আবাসিক ২০,০০০/= টাকা, বাণিজ্যিক ৬০,০০০/= টাকা, ৬" ডায়ার ফিল্টারের ক্ষেত্রে আবাসিক ৫০,০০০/= টাকা, বাণিজ্যিক ১,০০,০০০/= টাকা। তবে নলকূপ স্থাপন মনিটরিং করার জন্য পানি শাখায় কোন নির্ধারিত জনবল নেই। তাই সংশ্লিষ্ট ওয়ার্ডের পাম্প অপারেটর/ভাল্ব অপারেটরগণকে অতিরিক্ত দায়িত্ব দিয়ে এ কাজ করানো হচ্ছে। সম্প্রতি অভিযান পরিচালনার সময়ে পানির লাইনের অবৈধ সংযোগ শনাক্ত করা হচ্ছে। এসব অনুমোদনহীন নলকূপ এর ক্ষেত্রে অনুমোদন ফি এর সাথে নবায়ন ফি অর্ন্তভুক্ত করে চালান দেওয়া হয়েছে। যদিও উক্ত নলকূপগুলো ৪/৫ বছর থেকে শুরু করে ২০/২৫ বছর আগে স্থাপন করা হয়েছে, তথাপি নাগরিকগণের সুবিধার বিষয় বিবেচনা করে নবায়ন ফি ১ বছর থেকে ১২ বছরের মধ্যে রাখা হয়েছে। তিনি আরো বলেন, গত ২৮/১১/২০২৪ পর্যন্ত মোট ৩৪,১০,০০০/= টাকার অনুমোদন ফি এর চালান দেওয়া হয়েছে এবং এর সাথে মোট ৩২,২৩,০০০/= টাকার নবায়ন ফি এর চালান দেওয়া হয়েছে।<br>তিনি আরও বলেন, শাহজালাল উপশহর কল্যাণ পরিষদ হতে অনুমোদন ফি ও নবায়ন ফিসহ একত্রে পরিশোধ করা তাদের জন্য কষ্টকর মর্মে আবেদন দাখিল করেছেন। তাঁরা কেবল অনুমোদন ফি দিয়ে নিয়মিত হতে চান।<br>সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। আলোচনান্তে অনুমোদনহীন নলকূপের ক্ষেত্রে অনুমোদন ফি ও ১ বছরের নবায়ন ফি আদায়ের বিষয়ে উপস্থিত সকলে ঐক্যমত পোষণ করেন। | | |

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ২.৯ | হোল্ডিং কর রিভিউ বোর্ড গঠন সংক্রান্ত | প্রধান রাজস্ব কর্মকর্তা জানান, ধার্যকৃত হোল্ডিং করের উপর ১ থেকে ২৭ নম্বর ওয়ার্ডের প্রায় ৬০০ জন করদাতা প্রশাসক বরাবরে/নির্দিষ্ট আপত্তি ফরমে কর কমানোর জন্য আপত্তি দাখিল করেছেন। দাখিলকৃত আপত্তিগুলো নিষ্পত্তি ও কর আদায় বৃদ্ধির লক্ষ্যে হোল্ডিং কর রিভিউ বোর্ড গঠন করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে সিটি কর্পোরেশনসমূহের (কর) বিধি, ১৯৮৬ এর ৭ (৪) ধারা অনুযায়ী হোল্ডিং কর রিভিউ বোর্ড গঠনপূর্বক করদাতাগণের কর কমানোর আবেদনগুলো নিষ্পত্তির বিষয়ে সভায় উপস্থিত সকলে এক্যমত পোষণ করেন। | আলোচনান্তে সিটি কর্পোরেশনসমূহের (কর) বিধি, ১৯৮৬ এর ৭ (৪) ধারা অনুযায়ী হোল্ডিং কর রিভিউ বোর্ড গঠনপূর্বক করদাতাগণের কর কমানোর আবেদনগুলো নিষ্পত্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | প্রধান রাজস্ব কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন |

৩। পরিশেষে আর কোন বিশেষ আলোচনা না থাকায় উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

খান মোঃ রেজা-উন-নবী
প্রশাসক
সিলেট সিটি কর্পোরেশন
ও
বিভাগীয় কমিশনার (অতিরিক্ত সচিব)
সিলেট বিভাগ, সিলেট

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.৩৫৫৭ তারিখ: ২৪.১২.২০২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জনাব সুবর্ণা সরকার, উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
৩. জনাব মোঃ ইলিয়াস আহম্মেদ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সিলেট
৪. জনাব নিয়াজ আহমেদ, সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, সিলেট
৫. জনাব মোঃ নূরুল ইসলাম, উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, সিলেট
৬. জনাব মোঃ ফারুক আহমদ, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সিলেট
৭. জনাব মোহাম্মদ নাজমুল আলম, সহকারী বন সংরক্ষক, বন বিভাগ, সিলেট
৮. জনাব মোঃ দেলোয়ার হোসেইন, নিবার্হী প্রকৌশলী, জাতীয় গৃহায়ন অধিদপ্তর, সিলেট
৯. জনাব মোহাম্মদ রমজান আলী, সহকারী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সিলেট
১০. জনাব মোঃ শাহাদাত আলী, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, সিলেট
১১. জনাব মোঃ শেখ সাদী রহমতুল্লাহ, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, সিলেট

# সিলেট সিটি কর্পোরেশন

নগর ভবন, সিলেট।

ওয়েবসাইট: www.scc.gov.bd

১২. জনাব আবু সাঈদ মোঃ আব্দুল ওয়াদুদ, উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, সিলেট
১৩. শাখা প্রধান, ............................ (সকল), সিলেট সিটি কর্পোরেশন।

স্মারক নম্বর: ৪৬.০৭.০০০০.০০৪.০৬.১৩.২৪.৩৫৫৭ তারিখ: ২৪.১২.২০২৪

**অনুলিপি (সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে):**

১. প্রশাসক মহোদয়ের একান্ত সচিব, সিলেট (প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২. সংশ্লিষ্ট নথি।

24/12/2024

(মোহাম্মদ রেজাই রাফিন সরকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)
ফোন: ২৯৯৬৬-৩৩৩৮১
ই-মেইল: ceo@scc.gov.bd